

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

তেজগাঁও কলেজের সকল শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি কলেজের নামে বা কলেজের শিক্ষার্থীদের উদ্দেশ্যে কিছু ভুয়া ওয়েবসাইট/অনলাইন ফরম চালু করা হয়েছে বলে জানা গেছে। এসব ওয়েবসাইটে বিভিন্ন ফরম পূরণের নামে শিক্ষার্থীদের ব্যক্তিগত তথ্য, কলেজ আইডি, পাসওয়ার্ড, মোবাইল নম্বরসহ গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহের চেষ্টা করা হচ্ছে।

শিক্ষার্থীদের সতর্ক করা যাচ্ছে যে, কলেজ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অফিসিয়াল ওয়েবসাইট/নির্ধারিত মাধ্যম ব্যতীত অন্য কোনো ওয়েবসাইট, লিংক, ফরম বা অনলাইন পেজে কলেজ আইডি, পাসওয়ার্ড বা ব্যক্তিগত তথ্য প্রদান করা যাবে না।

এই ধরনের ভুয়া ফরম পূরণ করলে শিক্ষার্থীদের ব্যক্তিগত তথ্য প্রতারক/হ্যাকারদের কাছে চলে যেতে পারে এবং পরবর্তীতে কলেজের কর্মকর্তা-কর্মচারীর পরিচয় ব্যবহার করে প্রতারণামূলক ফোনকল বা মেসেজের মাধ্যমে বিভ্রান্ত করা হতে পারে।

এছাড়াও, কলেজ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত আইডি কার্ড প্রদান, অ্যাপ বা ওয়েবসাইট পরিচালনা, শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ কিংবা কলেজের নাম ব্যবহার করে কোনো ধরনের কার্যক্রম পরিচালনা শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে। এ ধরনের কর্মকাণ্ডে জড়িতদের বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণসহ প্রয়োজনীয় প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ করা হবে।

কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীদের অবগতির জন্য আরও জানাচ্ছে যে, নতুন শিক্ষার্থীদের পরিচয়পত্র (আইডি কার্ড) কলেজের নির্ধারিত প্রক্রিয়া ও অনুমোদিত ব্যবস্থাপনার মাধ্যমে যথাসময়ে প্রদান করা হবে। এ বিষয়ে কোনো ব্যক্তি, গোষ্ঠী, অ্যাপ, ওয়েবসাইট বা তৃতীয় পক্ষের মাধ্যমে তথ্য প্রদান বা নিবন্ধনের প্রয়োজন নেই।

অতএব, সকল শিক্ষার্থীকে এ বিষয়ে সর্বোচ্চ সতর্ক থাকার জন্য নির্দেশ দেওয়া হলো। সন্দেহজনক কোনো ওয়েবসাইট, লিংক, ফরম, ফোনকল বা মেসেজ পেলে তাৎক্ষণিকভাবে কলেজ কর্তৃপক্ষ/বিভাগীয় প্রধান/আইটি সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে অবহিত করার জন্য বলা হলো।

কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীদের নিরাপত্তা ও তথ্য সুরক্ষার বিষয়ে সচেতন এবং এ ধরনের প্রতারণামূলক কর্মকাণ্ডের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

আদেশক্রমে

কর্তৃপক্ষ

তেজগাঁও কলেজ, ঢাকা।